

Md. Aktaruzzaman
UDF, UGDP-LGD
Haripur, Thakurgaon
Mobile No : 01818010952

# UGDP প্রকল্প পরিচিতি

**প্রকল্প পরিচিতি ঃ** স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ শক্তিশালীকরণ এবং কেন্দ্রীভূত ব্যবস্থাপনাকে বিকেন্দ্রীকরণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ, জাপান আন্তর্জাতিক সহযোগী সংস্থা (জাইকা) (Japan International Cooperation Agency, JICA) এর সহায়তায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (Upazila Governance and Development Project, UGDP) নামে একটি প্রকল্প ২০১৬-১৭ অর্থবছর থেকে উপজেলা পর্যায়ে বাস্তবায়ন করছে।

**প্রকল্পের লক্ষ্য ঃ** প্রকল্পের চুড়ান্ত লক্ষ্য হচ্ছে অতিরিক্ত উন্নয়ন বরাদ্দ এবং বিভিন্নমুখী দক্ষতাবৃদ্ধিমূলক কর্মকান্ডের মাধ্যমে জনগণকে অধিকতর এবং উন্নত সেবা প্রদানের জন্য উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধি করা।

**প্রকল্পের উদ্দেশ্য ঃ** সরকারি সেবাসমূহ কার্যকরভাবে জনগণের নিকট পৌছানোর জন্য প্রশিক্ষণের মাধ্যমে উপজেলা পরিষদের সক্ষমতা বাড়ানো এবং উপজেলা পরিষদের কর্মকান্ডের জন্য তহবিল হস্তান্তর, যা বাংলাদেশের স্থানীয় সরকার কাঠামো শক্তিশালীকরণে অবদান রাখবে।

## প্রকল্পের রূপরেখা ঃ

| | |
|---|---|
| প্রকল্পের শিরোনাম | ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) |
| স্পন্সর **মন্ত্রণালয়** | ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| **বাস্তবায়ন**কারী | ঃ স্থানীয় সরকার বিভাগ |
| **প্রকল্পের ব্যাপ্তি** | ঃ ডিসেম্বর ১, ২০১৫ - ডিসেম্বর ৩১, ২০২৪ |
| প্রকল্প এলাকা | ঃ সকল উপজেলা পরিষদ |

## প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ (কোটি টাকায়)

**ক) মোট ঃ ১০৫৯.৬৫৮৪**

**খ) জিওবি ঃ ১০৩.৪৬৪৯**

**গ) প্রকল্প সাহায্য (জাইকাঃ ৯৫৬.১৯৩৫ (ঋণ, ৪০ বছরে পরিশোধ যোগ্য, ০.০১০% হারে সুদ)**

## কর্মদক্ষতাভিত্তিক তহবিল (পিবিএ)- ( প্রতি বছর ৫০ লক্ষ)

**উপ প্রকল্পের আর্থিক সীমা**

| ধরন | সর্বনিম্ন | সর্বোচ্চ |
|---|---|---|
| অবকাঠামো | ১০ লক্ষ | ৪০ লক্ষ |
| সক্ষমতা বৃদ্ধি (প্রশিক্ষণ) | ১ লক্ষ | ১০ লক্ষ |

## উপ-প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া (সক্ষমতা উন্নয়ন ও অবকাঠামো )

- নির্ধারিত পূর্বশর্ত
- ✓ উপজেলার জন্য পাবলিক পণ্য ও অবকাঠামো (Public goods and Infrastructure for Upazila)
- ✓ টেকসই (৫ বছরের স্থায়ীত্ব সহ)•সরঞ্জাম ও সুবিধা (Equipment & facility with 5 years durability)
- ✓ সক্ষমতা বৃদ্ধি যেমন; প্রশিক্ষণ (Capacity Building eg. Training)
- ❖ উপ-প্রকল্প বাস্তবায়ন করবেন উপজেলা পরিষদ।

❖ প্রতিটি উপ-প্রকল্প প্রস্তাব করবেন ঃ

- ইউনিয়ন পরিষদ / ইউডিসিসি
- উপজেলা কমিটি (১৭টি)
- উপজেলায় কর্মরত সরকারী/বেসরকারী দপ্তর / প্রতিষ্ঠান / বিদ্যালয় ইত্যাদি
- নির্বাচিত প্রতিনিধি / স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ

উক্ত প্রস্তাবনা গুলো উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটি বাছাই করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উত্থাপন করবে (প্রয়োজনীয় তথ্য,উপাত্ত,কার্যবিবরনীসহ) এবং উপজেলা মাসিক সাধারণ সভায় অনুমোদিত হবে। অনুমোদিত উপ-প্রকল্প সমূহ উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট এর কাছে প্রেরণ করা হবে। সকল ক্ষেত্রে ইউজিডিপি উপ-প্রকল্প ফরমেট অনুসরণ করতে হবে এবং এ ক্ষেত্রে ইউডিএফ সহায়তা করবে। অনুমোদিত প্রকল্প সমূহ অবশ্যই উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বার্ষিক পরিকল্পনার অর্ন্তভুক্ত থাকতে হবে অথবা পরিমার্জিত পরিকল্পনায় অর্ন্তভুক্ত হতে

## উপজেলা উন্নয়ন সহায়ক (ইউডিএফ)

<u>ইউডিএফ যে সব সহায়তা করবে:-</u>

১. উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে (পঞ্চমবার্ষিকী ও বাৎসরিক পকিল্পনা) সহায়তা করা;
২. উন্নয়ন পরিকল্পনার ভিত্তিতে উপ-প্রকল্প অগ্রাধিকার চিহ্নিত করা;
৩. উপ-প্রকল্পের ডকুমেন্ট তৈরিতে সহায়তা করা;
৪. প্রকল্প কার্যালয়ে (পিএমইউতে) উপ-প্রকল্পের প্রস্তাবনা জমা দেওয়া;
৫. উপ-প্রকল্পে বাজেট প্রণয়নে সহায়তা করা;
৬. উপ-প্রকল্প বাস্তবায়নে সহায়তা করা;
৭. উপ-প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনায় সহায়তা করা;
৮. উপ-প্রকল্প মনিটর করা এবং পরিদর্শন করা;
৯. মাসিক প্রতিবেদন তৈরী ও পিএমইউ ও ডিডিএলজির নিকট প্রেরণ করা;
১০. ইউডিএফ-এর কাজ ইউএনও বা তার মনোনীত ব্যক্তির কাছে স্থানান্তর করা।

# অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়)

| উপ-প্রকল্প নম্বর | উপ-প্রকল্পের নাম | দায়িত্বপ্রাপ্ত সংস্থা | বাজেট (ভ্যাট/ট্যাক্স ব্যতীত) | আইটি | ভ্যাট | বাজেট (ভ্যাট /ট্যাক্স সহ) |
|---|---|---|---|---|---|---|
| আইএনএফ ২০২১-২২-৫৫৯৪৫১-০১ | আর সিসি বক্স ড্রেন তৈরী | প্রকৌশল অফিস | ৩০০০০০০ | ২২৫০০০ | ৯০০০০ | ৩৩১৫০০০.০০ |
| আইএনএফ ২০২১-২২-৫৫৯৪৫১-০২ | বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা পর্যায়ে প্লাস্টিকের উচু-নিচু বেঞ্চ সরবরাহ | উপজেলা শিক্ষা অফিস | ২০০০০০০ | ৩০০০০০ | ৬০০০০ | ২৩৬০০০০.০০ |